



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019



**Answer: Worksheet - 3**

**Class: 4**

**Subject: Bengali Grammar**

**Date : 10/4/2020**

১। নীচের বাক্যগুলির উদ্দেশ্য ও বিধেয় অংশ ভাগ করে দেখাও :-

	উদ্দেশ্য	বিধেয়
ক	ভারত	একটি স্বাধীন দেশ।
খ	আমাদের বিদ্যালয়টি	গাছপালায় ঘেরা।
গ	তারা দুজনে	বেশ ভালই গল্প বলে।
ঘ	শিকারী বাঘ	হরিণটিকে ধরে ফেলল।
ঙ	বাবা	অফিসে যান।

২। বাম দিকের সঙ্গে ডানদিক মিলিয়ে ডানদিকের পাশে বামদিকের সংখ্যা বসানো :-

	বামদিক	ডানদিক	
ক	বাংলায় স্বরধ্বনির সংখ্যা	বক্তার ইচ্ছার উপর।	ঘ
খ	চমৎকার শব্দটিতে ধ্বনি আছে	মোট ৫ টি	খ
গ	ধ্বনির লিখিত রূপকে	মোট ৭ টি	ক
ঘ	বাক্যে পদের সংখ্যা নির্ভর করে	সর্বনাম পদ বসে।	ঙ
ঙ	বিশেষ্যের পরিবর্তে	বর্ণ বলে।	গ

৩। শূন্যস্থানে উপযুক্ত পদ বসানো :-

ক) কলকাতায় বড্ড গরম পড়েছে। (বিশেষণ পদ)

খ) তোমার বাড়ীতে কে কে আছে ? (সর্বনাম পদ)

গ) সুমন বুদ্ধিমান কিন্তু অমনোযোগী। (অব্যয় পদ)

ঘ) বাঃ! কী সুন্দর দৃশ্য। (অব্যয় পদ)

ঙ) বিড়াল ইঁদুর ধরে। (ক্রিয়াপদ)

৪। নিম্নলিখিত যুক্তাক্ষর দিয়ে ৩ টি করে শব্দ লেখ :-

(ক) জ্ঞ = বিজ্ঞান , জ্ঞানী , অজ্ঞান (খ) ল্প = অল্প , কল্পনা , গল্প

(গ) স্ত = অন্ত , দস্ত , শান্ত (ঘ) খ্য = বিখ্যাত , অখ্যাত , মুখ্য

৫। স্বামী বিবেকানন্দ - অনুচ্ছেদ:- (১২/১৫ টি বাক্যে)

১৮৬৩ সালের ১২ই জানুয়ারী কলকাতার সিমলা অঞ্চলের দত্ত পরিবারে বিবেকানন্দের জন্ম হয়। ছোটবেলায় তার নাম ছিল নরেন্দ্রনাথ দত্ত। বাবা বিশ্বনাথ দত্ত ছিলেন দক্ষ আইনজীবী। বাল্যকালে নরেন্দ্র খুব দুরন্ত এবং ডানপিটে ছিলেন কিন্তু অত্যন্ত মেধাবী ও ছিলেন। কলেজ পড়ার পর হঠাৎ তার বাবার মৃত্যু হয়। সেই সময় সংসারে অভাব অনটন দেখা দেয়। অল্পবয়সেই তিনি শিক্ষকতার কাজ জোগাড় করে নেন। কিন্তু ঈশ্বরের অস্তিত্ব সম্পর্কে তার অত্যন্ত কৌতূহল ছিল। এই সময় দক্ষিণেশ্বরের সাধক শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের সান্নিধ্যে এসে তার শিষ্যত্ব গ্রহণ করেন। এরপর তিনি সন্ন্যাস জীবন বেছে নিলেন। তার নতুন নাম হল বিবেকানন্দ। তিনি আমেরিকার শিকাগো শহরে মহাধর্মসম্মেলন যোগ দিয়ে সেই দেশের মানুষদের ভারতীয়দের ধর্ম সম্বন্ধে বক্তৃতা দিয়ে সম্মানিত হয়েছিলেন। ভারতে ফিরে বেলুড়ে তৈরি করলেন শ্রীরামকৃষ্ণ মঠ। এই আশ্রমের মূল উদ্দেশ্য মানুষের সেবা করা। তার পথ দেখানো রাস্তায় আজও রামকৃষ্ণ মঠের সন্ন্যাসীরা মানবসেবা করে যাচ্ছেন। এই বীর সন্ন্যাসীর ১৯০২ সালের ৪ঠা জুলাই মৃত্যু ঘটে।

Manashi Chaudhuri